মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সইতে না পেরে বৃদ্ধের আত্মহত্যা

মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সহ্য করতে না পেরে আবিদ নামের এক বৃদ্ধ আত্মহত্যা করেছে।

সোমবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর কলনি পাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নিহত আবিদ দির্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিল। সেই জ্বালা সহ্য করতে না পেরে সোবার বিকালে নিজ বাসভবনে বিষ পান করে আত্মহত্যা করে।

নিজস্ব প্রতিনিধি

মুজিবনগর মোনাখালীতে স্বামী- সংসার হারিয়ে দিশেহারা কিশোরী

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে স্বামী সংসার হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে এক কিশোরী। মেহেরপুর সদর উপজেলা রাজিব নামের এক যুবক যৌতুক দিতে না পারায় ঐ কিশোরীকে জোরপূর্বক তালাক দিতে বাধ্য করেছে।

সেই সাথে বিয়ের সময় ২ লাখ ১০ হাজার টাকা নিলেও তালাকের সময় সেটা ফেরোত দেওয়ার কথা থাকলেও দেয়নি। তালাকের তিন দিনের মাথায় পূর্ব থেকে সম্পর্ক থাকা চুয়াডাঙ্গা থেকে এক মেয়েকে নিয়ে এসে রাজিব বিয়ে করে।

এ বিষয়ে অসহায় কিশোরীর পিতা আরফিন মোল্লা জানান, আবাবাস আলীর ছেলে রাজিবের দাদা দাদির বাড়ি মেহেরপুর সদর উপজেলার উজলপুর

গ্রামে হলেও সে ছোট থেকে মোনাখালী বসবাস করে আসছে।

সেখানেই বছর দেড়েক আগে আমার মেয়ে রজনীর সাথে তার বিয়ে হয়। বিয়ে সময় সেনাবাহিনীর চাকরি পাবে বলে ২ লাখ ১০ হাজার টাকা রাজিবকে দেওয়া হয়। পরে সে চাকরি না পেয়ে ট্রাক চালানো শুরু করে। এসময় সে বিভিন্ন নেশার সাথে জড়িয়ে পড়ে। বিয়ের কয়েক মাসের মাথা আমার মেয়েকে নেশাগ্রস্থ অবস্থায় সে প্রচুরৃ মারধর করতো। বিভিন্ন সময় আমাদের কাছে টাকা দাবি করতো। দিতে না পারলে আমার মেয়েকে মারতো।

কিশোরী রজনী বলেন, বিভিন্ন সময় টাকার দাবিতে কারনে অকারনে আমাকে মারধর করতো। আমাকে বিয়ে করার পর সে অন্য একটা মেয়ের সাথে পরকিয়া করতো। কিছু বলতে গেলে আমাকে বেদড়ক মারধর করতো। একরাতে সে আমাকে মেরেফেলতে চেয়েছিল। আমার গলায় ফাস লাগিয়ে ধরে ছিল পরে কোনমতে আমি বেচে গিয়ে বাড়িতে খবর দিই।

গত জুন মাসের ২৪ তারিখে আমার বাড়ি থেকে লোকজন আসলে রাজিব তাদের বলে আমাকে তালাক দিয়ে বাড়ি থেকে বের হতে হবে। এসব কথাই রাজিবের পরিবারের লোকজন সম্মতি জানায়ে আমাকে জোর শুরু করে।

আমি আমদের দেওয়া টাকার কথা বললে তারা ক্ষিপ্ত হয়ে রাজিবের পিতা ও রাজিব বলে, তোদের টাকা পেয়ে যাবি আগে তালাক দে। কোন উপায় না পেয়ে তাদের চাপের মুখে আমি তালাক দিতে বাধ্য হয়।
কিন্তু আজা পর্যন্ত আমাদের সে কোন টাকাই ফেরত দেয়নি। টাকা চাইলে বিভিন্ন তালবাহানা করে ও হুমকি দেয়। এ বিষয়ে অনেক জায়গায় ঘোরাঘুরি কর্েও লাভ হয়নি।

এ বিষয়ে রাজিব সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, রজনীরা আমার বিরুদ্ধে যা অভিযোগ করেছে তা সঠিক নয়। রজনী নিজে আমাকে তালাক দিয়েছে। টাকার কথা জানতে চাইলে তিনি বলেন, রজনীরা আমার কাছে টাকা পাবে, চাকরি পাবো বলে তাদের কাছে থেকে টাকা নেওয়অ হয়েছে। এখন আমার কাছে কোন টাকা নেই। টাকা পেলে তাদের টাকা শোধ করে দেবো।

পরকিয়ার কথা জানতে চাইলে তিনি আমতা আমতা করে বলেন, আমার সাথে কারও প্রেমের সম্পর্ক ছিল না । আমার তালাকের ১৫ দিন পর আমি বিয়ে করেছি।

:মতুর্জা ফারুক রুপক

গাংনীতে ধর্মীয় উসকানী ও রাষ্ট্র বিরোধী কর্মকান্ডের অভিযোগে যুবক আটক (ভিডিও সহ)

মেহেরপুরের গাংনীতে ধর্মীয় উসকানী ও রাষ্ট্র বিরোধী কর্মকান্ডের অভিযোগে মাসুম বিল্লাহ (২৩) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃত’র বিরুদ্ধে সোমবার গাংনী থানার এস আই হাবিবুর রহমান বাদী হয়ে একটি মামলা দায়ের করেছে। মাসুম বিল্লাহ গাংনী উপজেলার কল্যানপুর গ্রামের মকলেচুর রহমানের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,ধর্মীয় উসকানী মুলক অপপ্রচার ও প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে আক্রমনাতœক ভাষায় রাষ্ট্রের সুনাম ক্ষুন্ন,জাতির পিতা বঙ্গবন্ধুকে অস্বীকার করে প্রোপাগন্ডা এবং ইসকনের মাধ্যমে বাংলাদেশে হিন্দুত্ববাদের শাসন চলছে মর্মে প্রচারনার অভিযোগে মাসুম বিল্লাহকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে যার নং ২৪ তাং ২৮-১০-১৯ ইং।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই বিশ্বজিৎ দাবি করে বলেছেন, মাসুম বিল্লাহ শশুর নুরালের বাড়ি থেকে রবিবার তাকে গ্রেফতার করা হয়েছে। এবং সেখান থেকে ল্যাপটপ মোবাইল জব্দ করা হয়েছে।
- গাংনী প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় যুবদলের ৪১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

৪১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার উদ্দ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত।

গতকাল রবিবার জেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু প্রমুখ।

আলোচনা সভা পরিচালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী। আরো বক্তব্য রাখেন যুবদলের সিনিয়র সহ-সভাপতি আবদাল হক, যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, জেলা যুবদল সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, বাবু সাবের, এস এ শিল্টু খান, আনোয়ারুল ইসলাম, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক সাইদুর রহমান সুজন, রাশেদুজ্জামান বাপ্পী, আহমেদ রনি, রাজন আলী, শামীম রেজা, জেলা যুবদলের সহ-সাংগঠনিক তৌফিক এলাহী শিমুল, মাসুদ রানা।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন জেলা যুবদলের অন্যতম নেতা খোরশেদ আলম, আব্দুল মালেক চপল, রাইহান মজিদ, রাজু আহমেদ, শফিকুল ইসলাম শফিক, হাসানুজ্জামান প্রমুখ।
চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় পুলিশি বেস্টনির মধ্যে জাতীয়তাবাদী যুবদলের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার সকালে শহরের শিল্পকলা একাডেমী চত্বরে র্যালি, গণরক্তদান ও আলোচনা সভার মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সকালে শিল্পকলা চত্বর থেকে একটি র্যালি বের করতে গেলে পুলিশি বাধার মুখে পড়ে নেতাকর্মিরা। পুলিশি

বাধায় র্যালিটি মূল সড়কে উঠতে না পারলেও সেখান থেকে সরকার বিরোধী নানা স্লোগান দেয়া হয়। পরে একই স্থানে যুবদলের নেতাকর্মিরা গণরক্তদান কর্মসূচীর আয়োজন করা হয়।

এরপর শ্রীমন্ত টাউন হলে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় জেলা যুবদলের সভাপতি শরিফ উজ জামান সিজারের সভাপত্বিতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক ওয়াহেদুজ্জামান বুলা, মজিবুল হক মালিক মজু, খন্দকার আব্দুল জব্বার সোনা ও জেলা বিএনপির সদস্য শরীফুজ্জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ ঝন্টু।

আলোচনা সভায় বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে অন্যায়ভাবে জেলখানায় বন্দি করে রাখা হয়েছে দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে। তিনি ভীষণ অসুস্থ্য হওয়া সত্ত্বেও তাকে কোন ধরনের চিকিৎসা দিচ্ছে না সরকার।

বেগম খালেদা জিয়াকে মুক্ত করার শপথ নিয়ে নেতাকর্মিরা বলেন, ঘরে বসে থাকার সময় নেই, স্বৈরাচার সরকারের পতন ঘটাতে সবাইকে রাজপথে নামতে হবে। তারা আরো বলেন, বিএনপি, যুবদল, ছাত্রদলসহ সকল অঙ্গসংগঠনকে নিশ্চিহ্ন করতে বর্তমান সরকার যে ষড়যন্ত্র করছে যুবদল থাকতে তা কোন দিন সফল হবে না।

গণআন্দোলনের মাধ্যমে যে কোন মূল্যে দেশনেত্রী খালেদা জিয়াসহ সকল নেতাকর্মিকে মুক্ত করা হবে।

প্রতিদিন ডেস্ক

মেহেরপুরে টাকা না পেয়ে অন্ধ মহিলার ভিজিডি’র কার্ড কেটে

দিয়েছে ইউপি সদস্য

মেহেরপুরের গাংনীতে ২ হাজার টাকা না দেওয়ায় হাসিনা খাতুন নামের এক অন্ধ মহিলার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছে ধানখোলা ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন ধানখোলা ইউপির কসবা গ্রামের মামুনুর রশিদের স্ত্রী। অন্ধের ভিজিডি কার্ড কেটে দেওয়ায় এলাকায় নানা সমালোচনার মুখে পড়েছে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু।

অন্ধ হাসিনা খাতুন জানান, ইতোপূর্বে বিভিন্ন পত্রিকায় অন্ধ জীবনের করুন দশা নিয়ে বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশের পর তৎকালীন মেহেরপুর জেলা প্রশাসক পরিমল সিংহ স্যারের সুপারিশে ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান ৩০ কেজি চাউলের একটি ভিজিডি কার্ড করে দেয়।

কিন্তু গত কয়েক মাস আগে কসবা গ্রামের ৬ নং ওয়ার্ডের মেম্বর তৌহিদী হাসান নিলু ২ হাজার টাকা দাবি করে। টাকা না দেওয়ার কারণে আমার ভিজিডি’র কার্ড কেটে দিয়েছে।
এ ব্যপারে ইউপি সদস্য তৌহিদী হাসান নিলু জানান, হাসিনার ১৫০ নং কার্ডটি কেটে দেবার বিষয়ে শুনেছি।

তবে চেয়ারম্যান উক্ত কার্ডটি কেটে শানঘাট এতিমখাতানায় দিয়েছেন। আমি অন্ধ হাসিনার কাছে টাকাও চাইনী এ ব্যপারে কিছু জানিনা। তবে আমাদের ইউনিয়নে মাতৃত্বকালীণ ভাতা কার্ড পেয়েছে ৮০ টি।

সেখানে আমাকে দিয়েছে মাত্র ১ টি।
এর প্রতিবাদ করাই আখের চেয়ারম্যান আমার বিরুদ্ধে গভির ষড়যন্ত্র করে অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে। বিষয়টি উদর পিন্ডি বুদোর ঘাড়ে দেবার পায়তারায় লিপ্ত হয়েছে ইউপি চেয়ারম্যান।

ধানখোলা ইউপি আওয়ামী লীগের সভাপতি আলী আজগর জানান, হাসিনা অন্ধ ও গরিব মানুষ তার ভিজিডি’র কার্ড কাটা ঠিক হয়নি। নিলু মেম্বার নয়া আওয়ামী লীগ সাজার চেষ্টা করে।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানকে মোবাইলে একাধিকবার যোগাযোগ করা হলে তিনি সাড়া না দেয়াই কোনো বক্তব্য পাওয়া যায়নি।

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনি জানান, টাকার জন্য অন্ধ মহিলার কার্ড কেটে দিয়েছে এটা কোন ভাবেই মেনে নেয়া যায়না। অবশ্যই এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী প্রতিনিধি

গাংনীর সাহারবাটি ইউনিয়নে মাতৃত্বভাতার আবেদন কারীদের যাচাই বাছাই সম্পন্ন

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নে মাতৃত্বকালীণ ভাতা ভোগীদের নামের তালিকা চুড়ান্ত করতে গণশুনানী ও যাচাই বাছাই পর্ব অনুীষ্ঠত হয়েছে।

রবিবার সকাল ১০ টার সময় সাহারবাটি ইউনিয়ন পরিষদ সভাকক্ষে ইউনিয়নের প্রান্তিক পর্যায়ের দুস্থ্য গর্ববতী ও প্রসাবকালীণ মায়েদের যাচাই বাছাই কাজের আনুষ্ঠানিকতা শরু হয়। স্বচ্ছ ও জবাদিহিতার জায়গা থেকে গরিব ও দুস্থ্যদের মাতৃত্ব ভাতার আওতায় আনার লক্ষ্যে স্থানীয় গন্যমান্য ব্যাক্তি, ইউপি সদস্যদের উপস্থিতিতে ৮০ জন আবেদনকারীর সাক্ষাতকার গ্রহন করেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

এসময় ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, ইউনিয়নের প্রতিটি কাজে স্বচ্ছতা নিরেপেক্ষতা ও জবাদিহিতা নিশ্চিত করতেই ইউপি সদস্যদের দেয়া তালিকার যাচাই-বাছাই করা হয়েছে। প্রকৃতপক্ষে যারা মাতৃত্বভাতার আওতাভুক্ত হওয়ার যোগ্য তাদেরকেই এ কার্ডের তালিকায় রাখা হবে।

এ সময় উপস্থিত ছিলেন, ইউপি সচিব আব্দুল মতিন, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, গাংনী সরকারি ডিগ্রী কলেজের হিসাব রক্ষণ অফিসার রবিউল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর সাহারবাটিতে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা

‘সকলের হাত, পরিছন্ন থাক’-‘সকলের জন্য উন্নত স্যানিটেশন, নিশ্চিত হোক সুস্থ্য জীবন’ এ প্রতিপাদ্যে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০১৯ ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১ টার সময় ইউপি চেয়ারম্যান গোলাম ফারুকের নেতৃত্বে একটি র্যালী সাহারবকাটি ইউনিয়ন পরিষদ চত্বর থেকে বের হয়ে বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে। পরে পরিষদ সভাকক্ষে অলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, এসকেএস ফাউন্ডেশনের প্রজেক্ট অফিসার পরিমল চন্দ্র। ইউপি সচিব আব্দুল মতিন, ইউপি সদস্য বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে জেলা রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইবাদত হোসেন, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, সহকারী কমিশনার (ভূমি) মো: মাইনুদ্দিন, রাকিবুল ইসলাম, মিথিলা দাস প্রমুখ। সরকারি রাজস্ব আদায়ের সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানানো হয়।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গোভীপুর থেকে সিগারেটের প্রচার সামগ্রী জব্দ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে অভিযান চালিয়ে সিগারেটের প্রচার সামগ্রী জব্দ করা হয়েছে।

রবিবার দুপুরের দিকে স্যানেটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম এই অভিযান পরিচালনা করেন। অভিযান কালে বিভিন্ন দোকানে তামাকজাত দ্রব্য সিগারেটের বিজ্ঞাপন প্রদর্শন কার্যক্রম দেখা যায়।

এ সময় গোভীপুর গ্রামের ৫টি দোকান থেকে সিগারেট প্রচার সামগ্রী জব্দ এবং দোকান মালিকদের ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন অমান্য করে প্রচার চালানোর অভিযোগ সতর্ক করে দেওয়া হয়েছে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা লিগ্যাল এইড

কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ এস এম আব্দুস সালামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নাসরিন পারভীন অতিরিক্ত জেলা
ম্যাজিস্ট্রেট মো: তৌফিকুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, ডা. অলোক কুমার দাস প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি